# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৬১

১৪/ ক্রয় বিক্রয় (كتاب البيوع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

باب

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الدَّارِمِيُّ، حَدَّثَنَا حَبَّانُ، وَهُوَ ابْنُ هِلاَلٍ أَبُو حَبِيبٍ الْبَصْرِيُّ حَدَّثَنَا هَارُونُ الأَعْوَرُ الْمُقْرِئُ، وَهُوَ ابْنُ مُوسَى الْقَارِئُ حَدَّثَنَا الزُّبَيْرُ بْنُ الْخِرِّيتِ، عَنْ أَبِي لَبِيدٍ، عَنْ عُرْوَةَ الْبَارِقِيِّ، قَالَ دَفَعَ إِلَىَّ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم دِينَارًا لأَشْتَرِيَ لَهُ شَاةً فَاشْتَرَيْتُ لَهُ شَاتَيْنِ فَبِعْتُ إِحْدَاهُمَا بِدِينَارٍ وَجِئْتُ بِالشَّاةِ وَالدِّينَارِ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم . فَذَكَرَ لَهُ مَا كَانَ مِنْ أَمْرِهِ فَقَالَ لَهُ " بَارَكَ اللَّهُ لَكَ فِي صَفْقَةِ يَمِينِكَ " . فَكَانَ يَخْرُجُ بَعْدَ ذَلِكَ إِلَى كُنَاسَةِ الْكُوفَةِ فَيَرْبَحُ الرِّبْحَ الْعَظِيمَ فَكَانَ مِنْ أَكْثَرِ أَهْلِ الْكُوفَةِ مَالاً .

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الدَّارِمِيُّ، حَدَّثَنَا حَبَّانُ، حَدَّثَنَا سَعِيدُ بْنُ زَيْدٍ، هُوَ أَخُو حَمَّادِ بْنِ زَيْدٍ قَالَ حَدَّثَنَا الزُّبَيْرُ بْنُ خِرِّيتٍ، عَنْ أَبِي لَبِيدٍ، فَذَكَرَ نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا الْحَدِيثِ وَقَالُوا بِهِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَلَمْ يَأْخُذْ بَعْضُ أَهْلِ الْعِلْمِ بِهَذَا الْحَدِيثِ مِنْهُمُ الشَّافِعِيُّ . وَسَعِيدُ بْنُ زَيْدٍ أَخُو حَمَّادِ بْنِ زَيْدٍ . وَأَبُو لَبِيدٍ اسْمُهُ لِمَازَةُ بْنُ زَبَّارٍ .

বাংলা

১২৬১. আহমাদ ইবনু সাঈদ দারিমী (রহঃ) ...... উরওয়া বারিকী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জন্য একটি বকরী খরীদ করার জন্য আমাকে একটি দ্বীনার দেন। আমি এ দিয়ে তাঁর জন্য দুটি বকরী খরীদ করি এবং একটি এক দ্বীনারে বিক্রি করে দেই। আর একটি বকরী ও এক দ্বীনার নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর কাছে আসি। অনন্তর উরওয়া বারিকী রাদিয়াল্লাহু আনহু তাঁর কাছে পূরা বিষয়টি বিবৃত করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, আল্লাহ্ তোমার ডান হাতের চুক্তিতে (ব্যবসায়ে) বরকত দিন। পরবর্তীতে আল-বারিকী রাদিয়াল্লাহু আনহু কূফার কুনাসায় চলে যান।

সেখানে যথেষ্ট লাভ করেন। তিনি কুফার সবচাইতে ধনী হয়েছিলেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ১২৫৮ [আল মাদানী প্রকাশনী]

আহমাদ ইবনু সাঈদ (রহঃ) আবূ লাবীদ (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। কতক আলিম এই হাদীস অনুসারে মত ও অবলম্বন করেছেন এবং তদনাসারে অভিমত প্রকাশ করেছেন। এ হলো ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। ইমাম শাফিঈ (রহঃ) সহ অপর কতক আলিম এতদনুসারে আমল করেননি। রাবী সাঈদ ইবনু যায়দ হলেন হাম্মাদ ইবনু যায়দ (রহঃ) এর ভাই। আর আবূ লাবীদ (রহঃ) এর নাম হলো লিমাযা ইবনু যাইয়াদ।

## English

Narrated 'Urwah Al-Bariqi:
"The Messenger of Allah (ﷺ) gave me on Dinar to purchase a sheep for him. So I purchased two sheeps for him, and I sold one of them for a Dinar. So I returned with the sheep and the Dinar to the Prophet (ﷺ), and I mentioned what had happened and he said: 'May Allah bless you in your business dealings.' After that we went to Kunasah in Al-Kufah, and he made tremendous profits. He was among the wealthiest of the people in Al-Kufah."

Another chain of narration with similar meaning.

[Abu 'Eisa said:
] Some of the people of knowledge followed this Hadith and stated their view accordingly. This is the view of Ahmad and Ishaq. Some of the people of knowledge did not use this Hadith, among them are Ash-Shafi'i and Sa'eed bin Zaid the brother of Hammad bin Zaid. And Abu Labid's (a narrator) name is Limazah bin Zabbar.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উরওয়াহ বারিকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21637

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন